

উপজেলা সমাজকল্যাণ কমিটি, সরিষাবাড়ীর সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আবুল কালাম আজাদ
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

স্থান : ভাইস-চেয়ারম্যানের অফিস কক্ষ, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী।

তারিখ : ১৬/১১/২০২১ খ্রি.

সময় : বেলা ১১:৪৫ ঘটিকা

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সদস্য সচিবকে সভার আলোচ্য সূচি মোতাবেক আলোচনা করার অনুরোধ জানান। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কারী
০১.	বিভিন্ন ভাতা সংক্রান্ত আলোচনা।	উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতার (নিয়মিত) ২০২১-২২ অর্থবছরের প্রথম কিস্তির জুলাই-২০২১ হতে সেপ্টেম্বর-২০২১ পর্যন্ত পে-রোল প্রেরণ করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে ২০২১-২২ অর্থবছরের প্রথম কিস্তির জুলাই-২০২১ হতে সেপ্টেম্বর-২০২১ পর্যন্ত তিন মাসের ভাতার অর্থ ভাতাভোগীর মোবাইল ব্যাংকিং হিসাব নগদ এ টাকা পৌঁছাবে। অসচ্ছল প্রতিবন্ধী ভাতার ২০২১-২২ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্দ এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন উপজেলা কমিটি, সরিষাবাড়ী এর সভার সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটির নিকট থেকে সভার কার্যবিবরণীসহ নির্বাচিত ভাতাভোগীর তালিকা সুপারিশসহ পাওয়া গেছে। অসচ্ছল প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন উপজেলা কমিটি, সরিষাবাড়ী এর সভা অনুষ্ঠিত হয়েছে এবং তালিকা অনুমোদিত হয়েছে। দ্রুত বর্ধিত ভাতাভোগীর পে-রোল প্রদান করা হবে।	ভাতা বরাদ্দ অনুযায়ী নিয়মিত পরিশোধ অব্যাহত রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
০২.	অন্যান্য কার্যক্রম	প্রতিবন্ধী ব্যক্তির শনাক্তকরণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে। পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এসিড দৃষ্টিপ্রতিবন্ধী পুনবাসন কার্যক্রম চলমান আছে। ক্যান্সার, কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকপ্যারালাইড, খ্যালোসেমিয়া ও লিভারসিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন আবেদনের হার্ডকপি প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে আবেদন উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্টদের জমা প্রদান করতে হবে।	প্রতিবন্ধী ব্যক্তির শনাক্তকরণ জরিপ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম যথা নিয়মে	উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল কালাম আজাদ
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ


ও

সভাপতি





উপজেলা সমাজকল্যাণ কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ০১। জেলা প্রশাসক, জামালপুর।
- ০২। উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জামালপুর।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৫। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৭। জনাব
- ০৮। অফিস কপি।


মোঃ আরিফুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্যসচিব
উপজেলা সমাজকল্যাণ কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।
dss.sarishabari@gmail.com

উপজেলা সমাজকল্যাণ কমিটি, সরিষাবাড়ীর নভেম্বর /২০২১ খ্রিঃ মাসের উপস্থিতির স্বাক্ষর শীটঃ
তারিখঃ ১৬/১১/২০২১ খ্রিঃ

ক্র. নং	নাম /পদবী	মোবাইল নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
০১.	ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী		
০২.	চেয়ারম্যান, সাতপোয়া ইউনিয়ন পরিষদ		
০৩.	চেয়ারম্যান, পিংনা ইউনিয়ন পরিষদ		
০৪.	চেয়ারম্যান, কামরাবাদ ইউনিয়ন পরিষদ		
০৫.	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সরিষাবাড়ী		 ১৬/১১/২১